



সেনেগালকে ২-০ গোলে হারিয়ে ব্রাজিলের প্রথম জয়



সংগৃহীত ছবি

অবশেষে সেনেগালের বিপক্ষে প্রথমবারের মতো জয় পেল পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল। এস্তেভাও ও কাসেমিরোর গোল এনে দিয়েছে আনচেলত্তির শিষ্যদের ২-০ গোলের গুরুত্বপূর্ণ জয়।

শনিবার (১৫ নভেম্বর) রাতে ম্যাচের শুরু থেকেই মাঠে আধিপত্য দেখাতে থাকে সেলেসাওরা।

নিরন্তর চাপের ফল আসে ২৮তম মিনিটে। বাম পায়ে তীক্ষ্ণ শটে জাল খুঁজে নেন উঠতি তারকা এস্তেভাও।

LENS ASIA